গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ৬০

**'জাতীয় নীতি প্রতিযোগিতায়' যোগ দিতে কাল রাজশাহী আসবেন অ্যাটর্নি জেনারেল**

রাজশাহী, ২৩ ভাদ্র (০৭ সেপ্টেম্বর):

অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান আগামীকাল (৮ সেপ্টেম্বর) রাজশাহী আসবেন। তিনি সোমবার সকাল ১০টায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে অনুষ্ঠাতব্য 'জাতীয় নীতি প্রতিযোগিতা-২০২৫' এর রাজশাহী পর্বের চূড়ান্ত রাউন্ডে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মো. মাহবুব-উল-আলম এবং সভাপতিত্ব করবেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সালেহ্ হাসান নকীব।

জুলাই গণঅভ্যুত্থানের চেতনা ও আকাঙ্ক্ষার সাথে সঙ্গতিপূর্ণ সময়োপযোগী, দূরদর্শী এবং কার্যকর নীতি প্রস্তাবে শিক্ষার্থীদের অংশগ্রহণের মাধ্যমে তাদেরকে ক্ষমতায়ন করার উদ্দেশ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এ প্রতিযোগিতা আয়োজন করছে।

---------------------------------------

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/২০২৫/১২.১০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd